# রাজশাহী বিশ্ববিদ্যালয়

**প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬**

**ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)**

সূত্র: ১৭১/০২৬/কঅ/৩২০ তারিখ: ২৩/০৪/২০২৬

## নোটিশ

## স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (চতুর্থ মাইগ্রেশন) ও বিষয়ভিত্তিক পঞ্চম মেধা তালিকা প্রকাশ

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে ১৯ এপ্রিল ২০২৬ থেকে ২১ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিষয় পছন্দক্রম ও মেধা স্কোর-এর ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (চতুর্থ মাইগ্রেশন )-এর তালিকা প্রকাশ করা হলো। একই সাথে শূন্য আসনগুলোর বিপরীতে বিষয় পছন্দক্রম ও মেধা স্কোর-এর ভিত্তিতে পঞ্চম মেধাতালিকা প্রকাশ করা হলো। আগামী ২৬ এপ্রিল ২০২৬, ২৮ এপ্রিল ২০২৬ এবং ২৯ এপ্রিল ২০২৬ সকাল ১০টা থেকে বিকাল ৩টার মধ্যে নির্বাচিত প্রার্থীদের A ইউনিটের চীফ কো-অর্ডিনেটর-এর অফিসে (কলা অনুষদ, ডীনস্ কমপ্লেক্স) উপস্থিত হয়ে সাক্ষাৎকারসহ ভর্তি প্রক্রিয়া শুরু করতে হবে। **নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।** তালিকাভুক্ত প্রার্থীদের A ইউনিট অফিসে (কলা অনুষদ) তাদের রোল নম্বরের পাশে উল্লিখিত বিভাগে আগামী ২৬ এপ্রিল ২০২৬, ২৮ এপ্রিল ২০২৬ এবং ২৯ এপ্রিল ২০২৬ সকাল ১০টা থেকে বিকাল ৩টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য যে, ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের মেধা স্কোর ও বিষয় পছন্দের ক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন প্রক্রিয়া অব্যাহত থাকবে। বিভাগ পরিবর্তনের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে। ভর্তি হওয়ার পর কোনো ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তন করতে না চাইলে তাকে অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন বন্ধ (Stop Automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-Out) ২৬ এপ্রিল ২০২৬ থেকে ২৯ এপ্রিল ২০২৬ বিকেল ৩টার মধ্যে করতে হবে। অন্যথায় (Stop Automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-Out) এর কোনো সুযোগ থাকবে না। তবে ইতোমধ্যে যারা পছন্দক্রমের ১ম বিষয় পেয়েছে তাদের মাইগ্রেশন বন্ধ করার প্রয়োজন নাই।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা থেকে মেধানুসারে পর্যায়ক্রমে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে এবং নির্বাচিত প্রার্থীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) আগামী ০১ মে ২০২৬ তারিখে প্রকাশ করা হবে।

**ভর্তি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:**

১. অনলাইনে http://admission.ru.ac.bd-তে ২৬ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১০.০০মি. থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত ফরমটি A4 সাইজ অফসেট কাগজে ৩ (তিন) কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে (কলা অনুষদ অফিসের নোটিশ বোর্ডে প্রদত্ত ফরমেট অনুযায়ী) ইউনিট অফিসে (কলা অনুষদ) জমা দিতে হবে।

২. ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। ভর্তি ফি জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি http://admission.ru.ac.bd ও online admission guideline থেকে জানা যাবে।

৩. সাক্ষাৎকার ও সনদপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের ২ (দুই) কপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

ভর্তি প্রক্রিয়ার শুরুতেই নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

১. ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র;
২. Subject Choice Form-এর প্রিন্ট কপি;
৩. এস এস সি/সমমান পাশের মূল সনদপত্র;
৪. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল মার্কশীট;
৫. এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড।

**প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।**

ধন্যবাদান্তে

**(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)**
ডীন, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ও
চীফ কো-অর্ডিনেটর
ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও
চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৫-২০২৬

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

**প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬**

**ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)**

সূত্র: ১৭২/০২৬/কঅ/৩২০ — তারিখ: ২৩/০৪/২০২৬

## ভর্তি সংক্রান্ত নোটিশ

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে বিষয় পছন্দক্রম এবং মেধা স্কোর-এর ভিত্তিতে তাদের রোল নম্বরের পাশে উল্লিখিত বিভাগে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনয়ন দেয়া হয়েছে।

আগামী ২৬ এপ্রিল ২০২৬, ২৮ এপ্রিল ২০২৬ এবং ২৯ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে (সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত খোলা থাকবে) নির্বাচিত প্রার্থীদের A ইউনিটের চীফ কো-অর্ডিনেটর-এর অফিসে (কলা অনুষদ, ডীনস্ কমপ্লেক্স) উপস্থিত হয়ে সাক্ষাৎকারসহ ভর্তি প্রক্রিয়া শুরু করতে হবে। সাক্ষাৎকারের সময়সূচি নিম্নরূপ:

| তারিখ | গ্রুপ | রোল রেঞ্জ | বোর্ড নং | কক্ষ নং | ভবন |
|---|---|---|---|---|---|
| ২৬.০৪.২০২৬ | ১ | 11100240-19157349 | ১ | ২১১ নং কক্ষ | ডীনস্ কমপ্লেক্স |
| | ২ | 11202330-19257588 | ২ | ২১১ নং কক্ষ | ডীনস্ কমপ্লেক্স |
| ২৮.০৪.২০২৬ | ১ | 11100240-19157349 | ১ | ২১১ নং কক্ষ | ডীনস্ কমপ্লেক্স |
| | ২ | 11202330-19257588 | ২ | ২১১ নং কক্ষ | ডীনস্ কমপ্লেক্স |
| ২৯.০৪.২০২৬ | ১ | 11100240-19157349 | ১ | ২১১ নং কক্ষ | ডীনস্ কমপ্লেক্স |
| | ২ | 11202330-19257588 | ২ | ২১১ নং কক্ষ | ডীনস্ কমপ্লেক্স |

১. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। টাকার পরিমাণ (ভর্তি ফি = ৪,২৩০/- টাকা + হল সেশন ফি = ৯৯০/-) = ৫,২২০/- (পাঁচ হাজার দুইশত কুড়ি) টাকা। জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি http://admission.ru.ac.bd ও online admission guideline থেকে জানা যাবে।

২. সাক্ষাৎকার ও সনদপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের ২ (দুই) কপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং অনুষদ উন্নয়ন ফি বাবদ ১,৭০০/- (এক হাজার সাতশত) টাকা বিবিধ হিসাব কলা অনুষদ (হিসাব নং-০২০০০০২৭৪৫০৯১), অগ্রণী ব্যাংক পিএলসি, রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখায় জমা দিতে হবে।

ধন্যবাদান্তে

**(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)**
ডীন, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ও
চীফ কো-অর্ডিনেটর
ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও
চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৫-২০২৬